


বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট  
Bangladesh Agricultural Research Institute  
Joydebpur, Gazipur-1701



কৃষিই সমৃদ্ধি

Fax No.: 88-02-49261415  
Office Ph: 88-02-49263540  
PABX: 02-49261501-5, Ext-5301  
Email: dg.bari@bari.gov.bd  
Web: www.bari.gov.bd

স্মারক নং- পরি(গঃ)বারি-২৮২/১৭/ ৫৮-২২

তারিখঃ ৪/১২/১৭

বিষয়ঃ “Feed the Future Biotechnology Potato Partnership” প্রকল্পের উদ্বোধন অনুষ্ঠানে অংশগ্রহণ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মেশিগান স্টেট ইউনিভার্সিটি, আমেরিকা এবং বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট যৌথভাবে 3R-gene প্রযুক্তির মাধ্যমে আলুর নাবিধ্বসা রোগ প্রতিরোধী জাত উদ্ভাবনের লক্ষ্যে USAID অর্থায়নে “Feed the Future Biotechnology Potato Partnership” শীর্ষক প্রকল্পের কাজ বিএআরআইতে আরম্ভ হতে যাচ্ছে। আলুর নাবিধ্বসা একটি মারাত্মক রোগ। এ রোগটি আলুর মাঠে ফসলে দেখা দেওয়ার সাথে সাথে ব্যবস্থা না নিলে ২৪ ঘন্টার মধ্যে মাঠের সমস্ত ফসল নষ্ট হয়ে যেতে পারে। বাংলাদেশের জনপ্রিয় আলু জাতে 3R-gene প্রযুক্তি ব্যবহার করে এ রোগের প্রতিরোধী জাত উদ্ভাবনের কাজ চলছে। প্রকল্পটির প্রাথমিক কারিগরি কাজ ইতিমধ্যে মেশিগান স্টেট ইউনিভার্সিটি, আমেরিকায় সম্পন্ন করা হয়েছে। বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল ও মেশিগান স্টেট ইউনিভার্সিটির মধ্যে গত ০৩ নভেম্বর/২০১৭ মেশিগান স্টেট ইউনিভার্সিটি, আমেরিকায় প্রকল্পটির একটি সমঝোতা চুক্তি স্বাক্ষর সম্পন্ন হয়েছে।

প্রকল্পটির উদ্বোধন অনুষ্ঠানের বিষয়ে প্রকল্প ব্যবস্থাপনা টিম, মেশিগান স্টেট ইউনিভার্সিটি, আমেরিকা এবং বিএআরআই কর্তৃপক্ষ আলাপ আলোচনা করে আগামী ১৩ ডিসেম্বর ২০১৭ বুধবার সকাল ৯.০০টায় বিএআরআইর অডিটোরিয়ামে অনুষ্ঠানের বিষয়ে সিদ্ধান্ত নিয়েছেন। উল্লেখ্য, উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথী হিসাবে উপস্থিত থাকতে মতিয়া চৌধুরী এমপি ও মাননীয় কৃষিমন্ত্রী, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। অনুষ্ঠানটিতে সভাপতিত্ব করবেন জনাব মোহাম্মদ মঈনুদ্দিন আবদুল্লাহ, সিনিয়র সচিব, কৃষি মন্ত্রণালয়। প্রকল্পটির উদ্বোধন অনুষ্ঠানটি সুন্দর ভাবে সাফল্যমন্ডিত করার লক্ষ্যে আপনিসহ আপনার কেন্দ্র/বিভাগ/উইং হতে প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ও অনুর্ধ্ব সকল বিজ্ঞানীকে অংশগ্রহণ করতে অনুরোধ করা হলো। উল্লেখ্য, উক্ত উদ্বোধন অনুষ্ঠানে অংশগ্রহণ করে কর্মকর্তাগণ সুচিন্তিত মূল্যবান মতামত দিয়ে প্রকল্পের কার্যকলাপ আরো সুন্দর ও কার্যকর করতে সহায়তা করবেন।

(ড. আবুল কালাম আযাদ)  
মহাপরিচালক  
মোবাঃ ০১৭১৪১৭৯০৪৮

কার্যার্থে বিতরণঃ

- ১। পরিচালক (গবে / স ও স /প্রঃ ও যোঃ/ পঃ ও মুঃ / উগকে/ কফগকে/ তৈলবীজ, বারি, গাজীপুর) পরিচালক (গম গবেষণা কেন্দ্র, নশিপুর, দিনাজপুর), পরিচালক ( ডাল গবেষণা কেন্দ্র, ইশ্বরদী)।
- ২। মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (কৃষিতত্ত্ব/ মৃত্তিকা/ জীব/ অর্থনীতি/প্রজনন/শরীরতত্ত্ব/রোগ তত্ত্ব/ কীট তত্ত্ব/ সগবি/ গম গবেষণা আঞ্চলিক কেন্দ্র/ মসলা গবেষণা আঞ্চলিক গবেষণা কেন্দ্র/ ডাল গবেষণা আঞ্চলিক কেন্দ্র/ এফএমপিই/ আই ডব্লিউ এম/পোষ্ট হারভেস্ট/খামার/বীজ/ আইসিটি/ পিজিআরসি আঞ্চলিক কেন্দ্র-গম/মসলা/ডাল)।
- ৩। মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্র (জামালপুর, যশোর, আকবরপুর, ইশ্বরদী, হাটহাজারী, বুড়িরহাট, বরিশাল)।
- ৪। প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (অনিষ্টকারী প্রানী)
- ৫। অফিস কপি।